



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০২.২০.২০৭

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৭

০২ অক্টোবর ২০২০

বিষয়: জনাব মোঃ রফিক আলী, পরিচ্ছন্নতাকর্মী, ঢাকা রেশনিং, ঢাকা এর জিপিএফ হতে ২য় অগ্রিম উত্তোলনের কর্তন ০১ (এক) বছর স্থগিতকরণ প্রসংগে

সূত্র: প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা রেশনিং, ঢাকা এর ১৩/০৮/২০২০ খ্রি. তারিখের ১২৮৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ রফিক আলী, পরিচ্ছন্নতাকর্মী, ঢাকা রেশনিং, ঢাকা এর জিপিএফ হিসাব নং- ইউএও/বন্দর/না:গঞ্জ/খাদ্য/৩৯ এ জমাকৃত অর্থ হতে জমি ক্রয় বাবদ খরচ সংকুলানের জন্য ২,০৫,০০০/- (দুই লাখ পাঁচ হাজার টাকা) ২য় অগ্রিম হিসেবে ঢাকা রেশনিং, ঢাকা এর ০৪/০৭/২০১৯ খ্রি. তারিখের ১১৪৯ নং স্মারকে মঞ্জুরি প্রদান করা হয়। অত্র দপ্তরের ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের ১৫৩ নং স্মারকে মাসিক কর্তনের ০১ (এক) বৎসর স্থগিত রাখার অনুমতি প্রদান করা হয় যা আগস্ট/২০২০ এ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। এফগে, পারিবারিক অসুবিধার কারণে সংশ্লিষ্ট কর্মচারী পুনরায় ২য় অগ্রিমের কিস্তি কর্তন আগামী অক্টোবর/২০২০ খ্রি. তারিখ হতে ০১(এক) বছর স্থগিত রাখার অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন।

এমতাবস্থায়, জনাব মোঃ রফিক আলী, পরিচ্ছন্নতাকর্মী, ঢাকা রেশনিং, ঢাকা এর জিপিএফ হিসাব হতে উত্তোলিত ২য় অগ্রিমের কিস্তি কর্তন আগামী অক্টোবর/২০২০খ্রি. তারিখ হতে ০১(এক) বছর স্থগিতকরণের আবেদন মঞ্জুর করা যেতে পারে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২-১০-২০২০

মোঃ হাসান আল নাইম

উপ-পরিচালক

চিফ অ্যাকাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্ট এন্ড  
ফিন্যান্স অফিস, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ  
মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০২.২০.২০৭/১(৪)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৭

০২ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা

- ২) সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩) জনাব মোঃ রফিক আলী, পরিচ্ছন্নতাকর্মী, ঢাকা রেশনিং, ঢাকা
- ৪) অফিস/মাস্টার কপি



২-১০-২০২০

মোঃ হাসান আল নাইম

উপ-পরিচালক